গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২৫৫/২০১৭-১৮

ঢাকা, সোমবার, ২ জুলাই ২০১৮, ১৮ আষাঢ় ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রীর সঙ্গে জাতিসংঘ মহাসচিব ও বিশ্বব্যাংক প্রেসিডেন্টের বৈঠক
রোহিঙ্গা সংকট মোকাবিলায় অব্যাহত সহযোগিতার আশ্বাস

২। অর্থমন্ত্রীর সঙ্গে বিশ্বব্যাংক প্রেসিডেন্টের বৈঠক
রোহিঙ্গাদের জন্য তহবিল গঠনে কাজ করছে বিশ্বব্যাংক

৩। বাণিজ্যমন্ত্রীর সাথে ব্রিটিশ প্রতিমন্ত্রীর বৈঠক

৪। ২০১৭-১৮ অর্থবছরে রফতানি আয় ৩৭ বিলিয়ন মার্কিন ডলার
এসডিজি বিষয়ে আলোচনাসভায় বাণিজ্যমন্ত্রী

৫। জনসংখ্যা নিয়ন্ত্রণে বস্তি এলাকায় সমন্বিত কর্মসূচির তাগিদ স্বাস্থ্যমন্ত্রীর

৬। জঙ্গিরা দুর্বল হলেও তাদের নির্মূল করা যায়নি
হলি আর্টিজানে জঙ্গি হামলায় নিহতদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনকালে সেতুমন্ত্রী

৭। নীতিমালা অনুযায়ী যোগ্য প্রতিষ্ঠানগুলোকে এমপিও দেওয়া হবে : শিক্ষামন্ত্রী

৮। যশোরে প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত, ২ পাইলটের মৃত্যু

৯। কমনওয়েলথ নির্বাহী কমিটির সদস্য হলো বাংলাদেশ

১০। ই-কমার্সে বাংলাদেশের ব্যাপক অগ্রগতি : এডিবি'র প্রতিবেদন

১১। ইতিহাস ও ঐতিহ্যের গুরুত্বপূর্ণ অংশ জামদানি শিল্প : প্রকাশনা অনুষ্ঠানে সংস্কৃতিমন্ত্রী

চলমান পাতা-২

১। প্রধানমন্ত্রীর সঙ্গে জাতিসংঘ মহাসচিব ও বিশ্বব্যাংক প্রেসিডেন্টের বৈঠক

রোহিঙ্গা সংকট মোকাবিলায় অব্যাহত সহযোগিতার আশ্বাস

রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার বিষয়ে বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে সম্পাদিত চুক্তি বাস্তবায়নের উদ্যোগ এখনও গ্রহণ করেনি মিয়ানমার। গতকাল (১ জুলাই রোববার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তেজগাঁওস্থ তাঁর কার্যালয়ে জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস ও বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট জিম ইয়ং কিম সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী এ মন্তব্য করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ মহাসচিব ও বিশ্বব্যাংক প্রেসিডেন্টকে বাংলাদেশে স্বাগত জানিয়ে রোহিঙ্গা শরণার্থীদের বর্তমান অবস্থা তুলে ধরেন। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ কেবল মানবিক কারণে প্রায় ১১ লাখ রোহিঙ্গাকে বাংলাদেশে আশ্রয় প্রদান করেছে। বৈঠকে রোহিঙ্গা সংকট মোকাবিলায় বাংলাদেশকে অব্যাহত সহযোগিতার আশ্বাস দেন তাঁরা। সেইসাথে তাঁরা এ সমস্যার সমাধানে মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখার বিষয়ে তাঁদের সংকল্পের কথা পুনর্ব্যক্ত করেন।

এদিকে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকের আগে জাতিসংঘ মহাসচিব ও বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট ধানমণ্ডির বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে গিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। পরে রাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া নৈশভোজেও অংশ নেন তাঁরা। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭)।

২। **অর্থমন্ত্রীর সঙ্গে বিশ্বব্যাংক প্রেসিডেন্টের বৈঠক**

রোহিঙ্গাদের জন্য তহবিল গঠনে কাজ করছে বিশ্বব্যাংক

মিয়ানমার থেকে পালিয়ে আসা নিপীড়িত-নির্যাতিত রোহিঙ্গাদের বর্তমান পরিস্থিতিকে মানবিক বিপর্যয় আখ্যায়িত করে বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট জিম ইয়ং কিম বলেছেন, এ অবস্থার জন্য তাঁরা গভীরভাবে উদ্বিগ্ন। রোহিঙ্গা সংকট মোকাবিলায় তহবিল গঠনে কাজ করছে বিশ্বব্যাংক। তবে যারা এমন সংকট সৃষ্টি করেছে, তাদের শাস্তি হওয়া উচিত। গতকাল (১ জুলাই রোববার) সচিবালয়ে অর্থ মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সঙ্গে বৈঠকে এসব কথা বলেন জিম ইয়ং কিম। বৈঠকে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের জন্য ৪৮ কোটি মার্কিন ডলার সহায়তা দেওয়ার ঘোষণা দেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২)।

৩। **বাণিজ্যমন্ত্রীর সাথে ব্রিটিশ প্রতিমন্ত্রীর বৈঠক**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, যুক্তরাজ্য বাংলাদেশের তৃতীয় বৃহত্তম রফতানি বাজার। বর্তমানে উভয় দেশের বাণিজ্য প্রায় চার বিলিয়ন মার্কিন ডলার। দেশটির দুই শতাধিক কোম্পানি বাংলাদেশে কাজ করছে। তিনি বলেন, এলডিসি থেকে উন্নয়নশীল দেশে পরিণত হলে ব্রিটেন বাংলাদেশকে জিএসপি প্লাস সুবিধা দেবে বলে আশা করা হচ্ছে। বাণিজ্যমন্ত্রী গতকাল (১ জুলাই রোববার) সচিবালয়ে ঢাকা সফররত যুক্তরাজ্যের বৈদেশিক ও কমনওয়েলথ কার্যালয়ের এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলবিষয়ক প্রতিমন্ত্রী মার্ক ফিল্ডের সঙ্গে বৈঠক করেন। পরে সাংবাদিকদের সঙ্গে আলোচনার সময় এসব কথা বলেন তিনি। বৈঠকে প্রতিমন্ত্রী মার্ক ফিল্ড বলেন, যুক্তরাজ্য ইউরোপিয়ান ইউনিয়ন থেকে বেরিয়ে আসার পরও উভয় দেশের চলমান বাণিজ্য অব্যাহত থাকবে এবং আরও বাড়বে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১২,ক.৫)।

৪। **২০১৭-১৮ অর্থবছরে রফতানি আয় ৩৭ বিলিয়ন মার্কিন ডলার**

এসডিজি বিষয়ে আলোচনাসভায় বাণিজ্যমন্ত্রী

সদ্য সমাপ্ত ২০১৭-১৮ অর্থবছরে ৩৭ বিলিয়ন ডলারের পণ্য রফতানি হয়েছে। আগের অর্থবছরের চেয়ে রফতানি আয় বেশি হয়েছে প্রায় ৭ শতাংশ। ২০১৬-১৭ অর্থবছরে ৩৪ দশমিক ৭ বিলিয়ন মার্কিন ডলারের পণ্য রফতানি হয়েছিল। ঐ বছর রফতানিতে প্রবৃদ্ধি ছিল ১ দশমিক ৭২ শতাংশ। গতকাল (১ জুলাই রোববার) রাজধানীর ওয়েস্টিন হোটেলে এসডিজিবিষয়ক এক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ সদ্য শেষ হওয়া অর্থবছরের রফতানি আয়ের এ তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.১৪,ক.১)।

৫। **জনসংখ্যা নিয়ন্ত্রণে বস্তি এলাকায় সমন্বিত কর্মসূচির তাগিদ স্বাস্থ্যমন্ত্রীর**

শহরের বস্তি এলাকায় জনসংখ্যা বৃদ্ধির হার কমাতে স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মধ্যে সমন্বিত কার্যক্রম পরিচালনার তাগিদ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল (১ জুলাই রোববার) সচিবালয়ে অনুষ্ঠিত জনসংখ্যা নির্বাহী কমিটির এক সভায় স্বাস্থ্যমন্ত্রী এ তাগিদ দেন। একইসঙ্গে দেশের বৃহত্তম জনগোষ্ঠীর স্বাস্থ্যমান উন্নয়নে ইউনিয়ন পর্যায় পর্যন্ত স্বাস্থ্য ডেস্ক চালুর ওপর জোর দেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **ইত্তেফাক** (পৃ.২,ক.৩), **অবজারভার** (পৃ.৪,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

৬। জঙ্গিরা দুর্বল হলেও তাদের নির্মূল করা যায়নি

হলি আর্টিজানে জঙ্গি হামলায় নিহতদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনকালে সেতুমন্ত্রী

জঙ্গিরা দুর্বল হলেও তাদের নির্মূল করা সম্ভব হয়নি বলে মন্তব্য করেছেন সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, এ সমস্যা আমরা আইনি ও রাজনৈতিকভাবে মোকাবিলা করছি। গতকাল (১ জুলাই রোববার) রাজধানীর গুলশানে হলি আর্টিজান রেস্তোরাঁয় জঙ্গি হামলার দ্বিতীয় বর্ষ উপলক্ষে নিহতদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন শেষে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

৭। নীতিমালা অনুযায়ী যোগ্য প্রতিষ্ঠানগুলোকে এমপিও দেওয়া হবে : শিক্ষামন্ত্রী

নতুন নীতিমালা অনুযায়ী যোগ্য নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে চলতি মাস (জুলাই) থেকেই এমপিওভুক্ত করা হবে জানিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, এ লক্ষ্যে ইতোমধ্যে কার্যক্রম শুরু হয়েছে। তাই আন্দোলন-হুমকি দিয়ে এ কার্যক্রম ব্যাহত না করার আহ্বান জানিয়েছেন তিনি। মন্ত্রী গতকাল (১ জুলাই রোববার) রাজধানীর মতিঝিলে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে একাদশ শ্রেণির বই বাজারজাতকরণের উদ্বোধন অনুষ্ঠানে এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫)।

৮। যশোরে প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত, ২ পাইলটের মৃত্যু

যশোরে বিমানবাহিনীর একটি প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়ে দুই পাইলট নিহত হয়েছেন। নিহতরা হলেন স্কোয়াড্রন লিডার মো. সিরাজুল ইসলাম এবং স্কোয়াড্রন লিডার এনায়েত কবির পলাশ। গতকাল (১ জুলাই রোববার) রাত ৯টার দিকে প্রশিক্ষণ বিমানটি যশোর সদরের চান্দুটিয়া গ্রামে বুকভরা বাঁওড়ে পড়ে ডুবে যায়। মধ্য রাতে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের পক্ষ থেকে দুই পাইলটের মৃত্যুর খবর নিশ্চিত করা হয়। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১)।

৯। কমনওয়েলথ নির্বাহী কমিটির সদস্য হলো বাংলাদেশ

কমনওয়েলথ নির্বাহী কমিটির সদস্য নির্বাচিত হয়েছে বাংলাদেশ। গতকাল (১ জুলাই রোববার) পররাষ্ট্র মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, কমনওয়েলথ সচিবালয়ে বোর্ড অভ্ গভর্নরসের বৈঠকে নির্বাহী কমিটির সদস্য নির্বাচিত হয়েছে বাংলাদেশ। কমনওয়েলথের ১৬ সদস্যের নির্বাহী কমিটিতে চারটি অঞ্চল থেকে চার নতুন সদস্য দেশ নির্বাচিত হয়েছে। এশিয়া অঞ্চল থেকে আগামী দুই বছরের জন্য নির্বাচিত হয়েছে বাংলাদেশ। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

১০। ই-কমার্সে বাংলাদেশের ব্যাপক অগ্রগতি : এডিবি'র প্রতিবেদন

ই-কমার্সে সাম্প্রতিক সময়ে বাংলাদেশের অবস্থানের উন্নতি হচ্ছে বলে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) এক প্রতিবেদনে উঠে এসেছে। এতে বলা হয়েছে, ২০১৬ সালে ই-কমার্সে বাংলাদেশ ৮৭তম অবস্থানে উঠে এসেছে। ২০১৪ সালে বিশ্বে বাংলাদেশের অবস্থান ছিল ১০৮তম। দুই বছরে এ খাতে বাংলাদেশের উন্নতি হয়েছে ২১ ধাপ। সাম্প্রতিক সময়ে ই-কমার্সে এ উন্নতি যেকোনো দেশের মধ্যে সর্বোচ্চ। সম্প্রতি 'এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ই-কমার্সের বিস্তার' শীর্ষক প্রতিবেদনটি প্রকাশ করে এডিবি। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫)।

১১। ইতিহাস ও ঐতিহ্যের গুরুত্বপূর্ণ অংশ জামদানি শিল্প : প্রকাশনা অনুষ্ঠানে সংস্কৃতিমন্ত্রী

সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর বলেছেন, বাংলাদেশের ইতিহাস ও ঐতিহ্যের একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে জড়িয়ে রয়েছে জামদানি শিল্পের নাম। বাংলাদেশের অহঙ্কার হিসেবে চিহ্নিত এ শিল্পের ভেতরের যে ঐশ্বর্য ছড়িয়ে আছে তা আমাদের ঐতিহ্য। গতকাল (১ জুলাই রোববার) জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে 'ঐতিহ্যবাহী জামদানি নকশা' শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। জাতীয় জাদুঘর ও জাতীয় কারুশিল্প পরিষদের যৌথ উদ্যোগে এ প্রকাশনা অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৩)।

সম্পাদকীয়

ক. **জনকণ্ঠ :** এশিয়া কাপ জেতার পর বাংলাদেশের নারী ক্রিকেটদল আয়ারল্যান্ড নারী ক্রিকেটদলকেও সিরিজে হারানোয় অভিনন্দন জানিয়ে এ অগ্রযাত্রা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **যুগান্তর :** রোহিঙ্গাদের দুঃখ-দুর্দশা দেখতে ঢাকায় এসেছেন জাতিসংঘের মহাসচিব ও বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট উল্লেখ করে বাংলাদেশে অবস্থানরত রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমার যাতে গড়িমসি না করে সে ব্যাপারে তাঁরা কঠোর মনোভাব প্রদর্শন করবেন বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **ইত্তেফাক :** ভয়াবহ দূষণের কবলে পড়া চট্টগ্রামের হালদা নদীতে বিপুল সংখ্যক বিভিন্ন প্রজাতির মাছের মৃত্যুর কারণ চিহ্নিত করতে এবং নদীকে ভবিষ্যতে এ ধরনের দূষণ হতে রক্ষা করতে হালদা নদীরক্ষা কমিটি যে ১১ দফা সুপারিশ তুলে ধরেছে তার যথাযথ বাস্তবায়ন প্রত্যাশা।

ঘ. **সংবাদ, ভোরের কাগজ, নিউ নেশন, ডেইলি সান :** গুলশানে হলি আর্টিজনে জঙ্গি হামলার দুই বছর পূর্ণ হয়েছে উল্লেখ করে উগ্রবাদ ও ধর্মীয় জঙ্গিবাদের পথে তরুণ-সমাজের অধঃপতন ঠেকাতে পুলিশের অভিযানের পাশাপাশি সাংস্কৃতিক আন্দোলনের বিকল্প নেই বলে অভিমত।

ঙ. **সমকাল** : নারায়ণগঞ্জের আড়াইহাজার উপজেলায় পল্লিবিদ্যুৎ সমিতি গ্রাহকদের বিদ্যুতের প্রি-পেইড মিটার দিয়েছে কিন্তু ব্যবহার পদ্ধতি বিষয়ে যথাযথ প্রশিক্ষণ না দেওয়ায় তারা দুর্ভোগে পড়ছেন উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** দেশীয় কোম্পানির মোটরবাইক উৎপাদন বৃদ্ধির ফলে সহনীয় দামে মোটরবাইক কেনা ও হাজার হাজার যুবক জনগোষ্ঠীর কর্মসংস্থান হওয়ায় উদীয়মান এ শিল্পকারখানার সম্প্রসারণে সরকারি প্রণোদনা অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান** : বিশ্বদ্যিালয়ে ভর্তি পরীক্ষা ক্লাস্টার বা গুচ্ছ পদ্ধতিতে নেওয়া হলে শিক্ষার্থীরা তাদের মেধানুযায়ী নির্দিষ্ট প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবে বলে প্রত্যাশা ব্যক্ত।

জ. **ডেইলি স্টার :** গাজীপুর-পুবাইল সড়কে হাতি দিয়ে চাঁদাবাজির ঘটনা বন্ধে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঝ. **নিউজ টুডে, নিউ নেশন :** রোহিঙ্গাদের নিজ দেশে পুনর্বাসনে কার্যকর কূটনৈতিক নীতির প্রয়োগ প্রয়োজন বলে অভিমত প্রকাশ করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সড়ক দুর্ঘটনারোধে দীর্ঘমেয়াদি বৈজ্ঞানিক গবেষণা দরকার।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'গ্রাম উন্নয়নই দেশ উন্নয়নের হাতিয়ার'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ

করা হয়েছে, গ্রামীণ এলাকায় উন্নয়নের জন্য আমাদের সকলকে একযোগে কাজ করতে হবে।

#

খাদীজা/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা